

বৈদ্যুতিক সংযোগের লোড নির্ধারণ এবং গ্রাহকের লোড বরাদ্দকরণ
নীতিমালা-২০২১ (সংশোধিত)

২২/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত ডেসকো বোর্ডের ৪৪৭তম সভায় অনুমোদিত



ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)

২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

ভূমিকা


বিদ্যমান Policy Guidelines on load Estimation & Load sanction টি ০৩/০২/২০০৯ইং তারিখে অনুষ্ঠিত ডেসকো বোর্ডের ১৪৫তম সভায় অনুমোদিত হয়েছিল। পরবর্তীতে ০৩/০২/২০১৬ইং তারিখে অনুষ্ঠিত ডেসকো বোর্ডের ৩১৬তম সভায় Bangladesh National Building Code (BNBC) এর সাথে সমন্বয় করে নতুন সংযোগের আবাসিক গ্রাহকগণের ইউনিট প্রতি বাস্তব ফ্লোর এরিয়ার ভিত্তিতে ন্যূনতম লোড বরাদ্দ প্রদানের প্রস্তাব অনুমোদিত হয়। অনুমোদনের পর হতে অদ্যাবদি নতুন সংযোগ/ লোড বৃদ্ধি সংক্রান্ত সেবা প্রদানের ক্ষেত্রে উক্ত Policy Guideline অনুসরণ করা হচ্ছে।

বিদ্যমান Policy Guideline অনুযায়ী লোড ক্যালকুলেশন এর ক্ষেত্রে আবেদিত স্থাপনার প্রতিটি ইউনিটে প্রবেশ করে ওয়্যারিং পয়েন্ট হিসাব করতে হয়। অনেক সময় ভবনের নির্মাণ কাজ সমাপ্ত করে ২/৩ টি ফ্ল্যাটে লোক বসবাস করা শুরু করেন। ডেসকো প্রতিনিধি কর্তৃক পরিদর্শনকালে অনেক সময় আবেদনকারীকে স্থাপনায় পাওয়া যায়না। ফলে ফ্ল্যাটে ঢুকে প্রতিটি রুমের ওয়্যারিং পয়েন্ট গণনা করার বিষয়টি ফ্ল্যাটে বসবাসকারী এবং পরিদর্শনকারী উভয়ের জন্যই বিরতকর।

বর্তমানে মাথাপিছু গড় আয় বৃদ্ধি পাওয়ার ফলে মানুষের জীবনযাত্রার মান উন্নত হয়েছে। এছাড়া বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের ফলে গ্রীষ্মকালে তাপমাত্রা অসহনীয় বৃদ্ধি পাওয়ায় শীতাতপ নিয়ন্ত্রক যন্ত্রের ব্যবহার এর বিষয়টি এখন বিলাসিতার পরিবর্তে আবশ্যিক হয়ে পড়েছে। ফলে বাস্তব চাহিদার চেয়ে কম লোডে সংযোগ নেয়ার ফলে লাইনে স্থাপিত ট্রান্সফরমার অতি দ্রুত ওভারলোডেড হয়ে যাচ্ছে; কোন কোন ক্ষেত্রে ওভারলোড জনিত কারণে ট্রান্সফরমার অকেজো হয়ে যাচ্ছে। এতে সরকারের আর্থিক ক্ষতির পাশাপাশি উক্ত ট্রান্সফরমারের আওতাধীন সকল গ্রাহকগণ বিদ্যুৎ বিড়ম্বনার শিকার হচ্ছেন।

অনেক গ্রাহকের নিকট উপকেন্দ্র এবং সোলার প্যানেল স্থাপনের বিষয়টি অত্যন্ত জটিল বোধ হওয়ায় মধ্যমচাপ শ্রেণীর সংযোগ এড়িয়ে যাওয়ার প্রবনতা রয়েছে। গত ২৭/০২/২০২০ ইং তারিখে BERC কর্তৃক জারিকৃত আদেশ নং ২০২০/৭ এর খুচরা বিদ্যুৎ মূল্যহার ২০২০ অনুযায়ী নতুন সংযোগ/ লোড/ মিটার বৃদ্ধির ক্ষেত্রে ৮০ কিলোওয়াট অনুমোদিত লোড পর্যন্ত নিম্নচাপ (LT) গ্রাহক হিসাবে বিবেচনা করা হবে। প্রয়োজন অনুযায়ী সময়ে সময়ে ৫১ হতে ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের নতুন গ্রাহক নিম্নচাপ (LT) অথবা মধ্যমচাপ (MT) গ্রাহক শ্রেণীর অন্তর্ভুক্ত হতে পারবে। BERC এর উক্ত আদেশ এবং সার্বিক বিবেচনায় অধিকতর গ্রাহকবান্ধব করার লক্ষ্যে বিদ্যমান পলিসিটি Review করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

উল্লেখ্য, পূর্বের অনুমোদিত Policy অনুযায়ী ভবনের মোট এরিয়া ১২৫০০ বর্গফুটের অধিক হলেই উচ্চচাপ সংযোগ প্রয়োজ্য হবে মর্মে সিদ্ধান্ত রয়েছে। নতুন Policy তে ভবনের মোট ক্ষেত্রফলের সাথে উচ্চচাপ সংযোগের কোন সম্পৃক্ততা রাখা হয়নি; শুধুমাত্র কোন স্থাপনা/ ভবনের মোট লোড ৮০ কিঃওঃ এর অধিক হলেই উচ্চচাপ সংযোগ প্রয়োজ্য হবে।



১.০ শিরোনামঃ

এই নীতিমালা ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড এর বৈদ্যুতিক সংযোগের লোড নির্ধারন ও লোড অনুমোদন নীতিমালা-২০২১ নামে অভিহিত হবে।

২.০ প্রযোজ্যতাঃ

এই নীতিমালা আবাসিক শ্রেণীর সকল প্রকার গ্রাহকের নতুন সংযোগ, লোড পরিবর্তন অথবা মিটার বৃদ্ধির ক্ষেত্রে অনুসৃত হবে। ধর্মীয়/ ধাতব্য প্রতিষ্ঠান/ বাণিজ্যিক/ শিল্প শ্রেণী সহ আবাসিক ব্যতিত অন্য সকল শ্রেণির গ্রাহকের ক্ষেত্রে ওয়্যারিংকৃত/ সংযোজিত লোড এবং স্থাপনায় স্থাপিত মেশিনারীজ এর রেটিং অনুযায়ী লোড অনুমোদনের প্রস্তাব করতে হবে।

৩.০ কার্যকরের তারিখঃ

নীতিমালাটি নভেম্বর ২০২১ খৃষ্টাব্দ হতে কার্যকর হবে এবং উক্ত তারিখ হতে এতদসংক্রান্ত বোর্ড কর্তৃক অনুমোদিত পূর্বের পলিসি ও সময় সময় প্রদত্ত সিদ্ধান্ত রহিত করা হলো।

৪.০ সংজ্ঞাঃ

বিষয় ও প্রসঙ্গের পরিপন্থী না হলে নিম্নবর্ণিত সংজ্ঞাসমূহ এই নীতিমালায় উদ্ধৃত বলে গণ্য হবে।

৪.১ বোর্ড অর্থ ডেসকো'র পরিচালনা বোর্ড;

৪.২ নীতিমালা অর্থ বৈদ্যুতিক সংযোগের লোড নির্ধারন ও লোড অনুমোদন নীতিমালা-২০২১;

৪.৩ কোম্পানি অর্থ ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড তথাঃ ডেসকো;

৪.৪ BERC অর্থ Bangladesh Energy Regulatory Comossion (বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন);

৪.৫ BNBC-2020 অর্থ Bangladesh National Building Code-2020 (বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড-২০২০);

৪.৬ কিঃওঃ অর্থ কিলোওয়াট

৪.৭ সর্বোচ্চ ডিম্যান্ড অর্থ একটি নির্দিষ্ট সময়ের মধ্যে গ্রাহক কর্তৃক ব্যবহৃত সর্বোচ্চ লোড (কিঃওঃ)

৪.৮ সংযুক্ত লোড অর্থ আবেদনকারী বা গ্রাহক প্রাঙ্গনে সংযোজিত কিংবা সংযোগ করা হবে এমন সব বৈদ্যুতিক যন্ত্রপাতির প্রভুতকারক কর্তৃক উল্লিখিত ক্ষমতার সমুদয় যোগফলকে বোঝায়।

৪.৯ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অর্থ কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা;

৪.১০ কর্তৃপক্ষ অর্থ কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক অথবা তাঁর কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি;

৪.১১ ইলেক্ট্রিক্যাল সুপারভাইজার অর্থ ডেসকো কর্তৃক তালিকাভুক্ত ওয়্যারিং সার্টিফিকেট প্রদানকারী প্রতিষ্ঠানের এ-বি-সি লাইসেন্স প্রাপ্ত সুপারভাইজার।

৪.১২ গ্রাহক অর্থ এমন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যাহার মালিকানাধীন বা দখলে থাকা কোন বাসগৃহ, স্থাপনা বা স্থানে বিতরণ লাইসেন্সি কর্তৃক বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে।

৪.১৩ কমন লোড অর্থ গ্রাহক আঞ্জিনায় স্থাপিত বৈদ্যুতিক যন্ত্রপাতি যাহা ভবনের সকল বাসিন্দা কর্তৃক ব্যবহৃত লোড।

৪.১৪ প্রকৃত লোড অর্থ গ্রাহক স্থাপনায় ওয়্যারিংকৃত অথবা বাস্তবে সংযোজিত লোড।

৪.১৫ Occupancy Certificate অর্থ ঢাকা মহানগর (নির্মান, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা ২০০৮ এর বিধি ১৮ অনুযায়ী ভবন সমূহের ব্যবহার সনদ।

- ৪.১৬ নিম্নচাপ বলতে ২৩০/ ৪০০ ভোল্ট মানের সরবরাহ ভোল্টেজকে বুঝাবে। সাধারণত ০ কি:ও: হতে ৭.৫ কি:ও: পর্যন্ত ২৩০ ভোল্টে এবং ০ কি:ও: হতে ৮০ কি:ও: পর্যন্ত ৪০০ ভোল্টে বিদ্যুৎ সরবরাহ করা হবে।
- ৪.১৭ মধ্যমচাপ বলতে ১১,০০০ ভোল্ট মানের সরবরাহ ভোল্টেজকে বুঝাবে। সাধারণত ৮০কি:ও: এর অব্যবহিত উর্ধ্ব হতে অনুর্ধ্ব ৫ মে:ও: অনুমোদিত লোডের জন্য ১১০০০ ভোল্টে বিদ্যুৎ সরবরাহ করা হবে। তবে প্রয়োজনে আবেদনকারী ৫০কি:ও: লোডে মধ্যমচাপ শ্রেণীর সংযোগ নিতে পারবেন।
- ৪.১৮ উচ্চচাপ বলতে ৩৩,০০০ ভোল্ট মানের সরবরাহ ভোল্টেজকে বুঝাবে। সাধারণত ৫ মে::ও: এর অব্যবহিত উর্ধ্ব হতে অনুর্ধ্ব ৩০মে:ও: অনুমোদিত লোডের জন্য ৩৩০০০ ভোল্টে বিদ্যুৎ সরবরাহ করা হবে।

৫.০ নীতিমালা প্রণয়নে অনুসৃত বিধিবিধানঃ

৫.১ Bangladesh National Building Code (BNBC-2020) পর্যালোচনা

পূর্বের অনুমোদিত Policy Review করার সময় Light, Home Appliances, Heat & Power সংক্রান্ত সব ধরনের লোড নিরূপণের ক্ষেত্রে BNBC-2020 এর সাথে সামঞ্জস্য রেখে Standard ঠিক করা হয়েছে। এতে কোন স্থাপনায় বর্তমান সংযোজিত লোড এবং ভবিষ্যতে সংযোগ দেয়া যাবে এরূপ সুবিধা সৃষ্টি করা আছে; এ ধরনের সকল লোড পয়েন্ট হিসাবের অর্ন্তভুক্ত করা হয়েছে। কোন ভবনে ওয়ারিংকৃত পয়েন্ট BNBC-2020 এ বর্ণিত ন্যূনতম পয়েন্ট এর চেয়ে বেশী বিবেচনা করা হয়নি। বরং বাস্তবতার আলোকে কোন কোন ক্ষেত্রে ওয়ারিং পয়েন্ট BNBC-2020 এ বর্ণিত ন্যূনতম পয়েন্ট এর চেয়ে কম বিবেচনা করা হয়েছে।


রুম/ ক্ল্যাট এ ৩পিন ও ২পিন সকেট এর সংখ্যা BNBC-2020 এর Part-8 এর Table 8.1.18 এবং সকল প্রকার লোড Part-8 এর Table 8.1.16 এর অনুসরণে নিরূপন করা হয়েছে।

এছাড়া BNBC-2020 এর Part-8 এর Table 8.1.17 অনুযায়ী AC ও Non AC লোড এবং Home Appliance এর লোড হিসাব করে প্রস্তাবিত লোডের যথার্থতা যাচাই করা হয়েছে।

৫.১.১ বিভিন্ন Fittings/ Fixtures এর লোড নিরূপন

Type of Fitting/Fixture	Ratings in Watts	Type of Fitting/Fixture	Ratings in Watts
CFL	5-65	5A socket outlets	300
		15 A Socket outlets	1500
LED and Solar Panel Powered LED Security/ Street Lights	10-60	Microwave Oven (domestic)	1200-1500
Fluorescent lamp with accessories: Nominal length 600 mm Nominal length 1200 mm	20 40	Washing machine (domestic)	350-500
		Television (medium size)	120-200
		Computer (without printer)	200
Photo copiers	1200-1500	Computer with printer	700-800
Ceiling fans	100 (Max)	Window type A.C. machine (12000 BTU/hr)	1500
Electric iron	1500	Split type A.C. machine (12000 BTU/hr)	1300
Table fans	85 (Max)	Geyser (water heater, domestic)	1000-1200
Pedestal fans	120 (Max)	Toaster (domestic)	800-1000
Exhaust fans	100 (Max)	Electric calendar	700-1000
Lighting outlet	minimum of 100 W per lamp holder (as per BNBC 2020 Table 8.A.2)		
Diversity Factor	0.66 only for lighting & socket Load (as per BNBC 2020 Table 8.A.1) for others at actual		

BNBC-2020, Chapter-VIII Table 8.1.16





৫.১.২ AC/ Non-AC লোড বিবেচনায় ন্যূনতম লোড ডেনসিটি

Type of Occupancy	Unit Load (Watts/m ³)	
	Non A/C	A/C
Residence/ Dwelling : Single family	20	75
Residence/ Dwelling : Multi-family (other than hotels)	20	75
Hospitals	32	80
Hotels, including apartment house (excluding any provisions for electric cooking)	24	75
Office and commercial multi-storeyed buildings	28	75
Industrial building (excluding the loads for machines)	16	-
Departmental stores	28	75
Banks	20	75
Restaurants (excluding any provisions for electric cooking)	16	75
Barber shops and beauty parlours	32	75
Schools and colleges	12	70
Parking area in commercial buildings	4	-
Warehouses, large storage areas	2	-

BNBC 2020 Table 8.1.17

৫.১.৩ ৩ Pin Socket Outlet এর ন্যূনতম সংখ্যা নিরূপন

Socket Outlets এর বিষয়টি একটি স্থাপনার ধরন স্থাপনা/ ফ্ল্যাটে বসবাসকারীগণের সার্বিক অবস্থার উপর নির্ভর করে। তবে যেকোন স্থাপনায় বসবাসকারীর ব্যবহারের জন্য পর্যাপ্ত সংখ্যক 13A socket outlets এর ব্যবস্থা রাখতে হবে। আর সকল Air-conditioners এবং water heater ব্যবহারের জন্য অবশ্যই 13A socket outlet স্থাপন করতে হবে।

BNBC-2020 এর Part-8 এর Table 8.1.18 এর স্ট্যান্ডার্ড অনুযায়ী 13A socket socket outlets সংযোজন করতে হবে। অন্যথায় ন্যূনতম 13A socket পয়েন্ট হিসাবের ক্ষেত্রে নিম্নোক্ত টেবিল অনুসরণ করা হবে।

ক্রমিক নং	অবস্থান	ন্যূনতম Switch Socket সংখ্যা	ক্রমিক নং	অবস্থান	ন্যূনতম Switch Socket সংখ্যা
1	Bed room	2	6	Kitchen	1
2	Living room	3	7	Bathroom	0
3	Drawing room	3	8	Verandah	1
4	Dining room	1	9	Refrigerator	1

BNBC-2020, Chapter-VIII Table 8.1.18

৬.০

আবেদন ও পরিদর্শন পদ্ধতিঃ

৬.১ Standard wiring Procedure অনুযায়ী একজন এ-বি-সি লাইসেন্স প্রাপ্ত সুপারভাইজার এর তত্ত্বাবধানে আবেদনকারী তার স্থাপনায় ওয়্যারিং কাজ সম্পন্ন করাবেন এবং Standard wiring Procedure অনুযায়ী ওয়্যারিং করা হয়েছে মর্মে ডেসকো-এর নির্ধারিত ফরম্যাট অনুযায়ী ওয়্যারিং সার্ফিকেট গ্রহণ পূর্বক নতুন সংযোগ আবেদনের সময় অনলাইনে অন্যান্য ডকুমেন্টের সাথে আপলোড করবেন।

৬.২ নতুন সংযোগ আবেদনের বিপরীতে লোড অনুমোদন, বিদ্যমান হিসাবের বিপরীতে লোড হ্রাস/ বৃদ্ধি এবং লোড ও মিটার বৃদ্ধি সংক্রান্ত সকল আবেদনে আবেদনকারীর স্থাপনায় ডেসকো'র উপযুক্ত প্রতিনিধি স্ব-শরীরে গমন করে পরিদর্শন করে ওয়্যারিং সম্পন্নের বিষয় নিশ্চিত হওয়া সাপেক্ষে ফ্ল্যাট এর প্রকৃত সাইজ অনুযায়ী লোড অনুমোদন এর প্রস্তাব করবেন।

প্রথমবার পরিদর্শনে গিয়ে কোন ত্রুটি পাওয়া গেলে অনলাইনে বিস্তারিত অবহিত করা হবে। দ্বিতীয় বার পরিদর্শনে একই ত্রুটি পাওয়া গেলে আবেদনটি স্থায়ীভাবে বাতিল বলে গণ্য হবে।

৬.৩ বিদ্যমান গ্রাহকদের মিটার/ লোড বৃদ্ধির আবেদনের ক্ষেত্রে শুধুমাত্র আবেদিত অংশের ফ্লোর/ ফ্ল্যাট পরিদর্শন সাপেক্ষে নীতিমালা অনুযায়ী লোড প্রস্তাব করতে হবে; পূর্বের অনুমোদিত অংশের জন্য নতুন করে কোন লোড প্রস্তাব করা যাবে না। এক্ষেত্রে আবেদনকারী পূর্বের অনুমোদিত লোড বৃদ্ধি করতে চাইলে চাহিদামতে লোড প্রস্তাব করতে হবে। Existing প্রি-পেমেন্ট গ্রাহকদের Online মিটার রেকর্ড অনুযায়ী Maximum Demand অনুমোদিত লোডের চেয়ে বেশী পাওয়া গেলে ডেসকো'র ওয়েব সাইটে প্রকাশিত খুচরা বিদ্যুৎ মূল্যহার ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ ফি এর অনুচ্ছেদ ৫(খ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬.৪ ভবন নির্মাণ কাজে উপযুক্ত কর্তৃপক্ষ (রাজউক/ সিটি কর্পোরেশন) কর্তৃক অনুমোদিত প্লানের অনুমোদিত টাইপ (আবাসিক, বাণিজ্যিক, শিল্প) ব্যতিত অন্যরূপে ব্যবহৃত হবে এমন ভাবে নির্মিত হলে তা সংশোধন করে নতুনভাবে আবেদন জমা দেয়ার জন্য পত্র মারফত অনুরোধ করা হবে এবং পূর্বের আবেদনটি বাতিল করা হবে।

অথবা নির্মিত ভবনের Occupancy Certificate সহ নতুনভাবে আবেদন করতে হবে।

৭.০ বৈদ্যুতিক লোড নিরূপণ (কিঃওঃ):

৭.১

৭.১.১ প্রতি পোল এ ট্রান্সফর্মার উত্তোলন পরিহার করা এবং বিতরণ লাইনে স্থাপিত ট্রান্সফর্মার এর সংখ্যা সীমিত করণের লক্ষ্যে স্থাপনায় মোট সুইচ, সকেট ও বাসা-বাড়ীতে ব্যবহৃত আনুষঙ্গিক বৈদ্যুতিক যন্ত্রপাতি হিসাবের অর্ন্তভুক্ত করা হয়েছে। এমন কি ভবিষ্যতে ব্যবহারের সুযোগ রয়েছে এমন পয়েন্ট সমূহও হিসাবের আওতায় আনা হয়েছে। Load Estimate এর ক্ষেত্রে BNBC-2020 অনুসরণ করা হয়েছে।

ইলেক্ট্রিক্যাল লোড নিরূপণের নিমিত্ত সকল ক্ষেত্রে বিদ্যুৎ সশস্ত্রী লাইট ও যন্ত্রপাতি বিবেচনা করা হয়েছে।

৭.১.২ ফ্ল্যাট সাইজ ভিত্তিক লোড অনুমোদন প্রস্তাব প্রদানের ক্ষেত্রে BNBC-2020 এর আলোকে নির্ধারিত অনুচ্ছেদ ৭.৪ এর টেবিল এ উল্লিখিত লোড প্রস্তাব করতে হবে।

৭.১.৩ লোড নিরূপণের ক্ষেত্রে Annexure-I এর Table 8.A.1 এবং Table 8.A.2 অনুযায়ী শুধুমাত্র সকেট পয়েন্ট এর লোড এর ক্ষেত্রে Diversity Factor (২০%) বিবেচনা করা হয়েছে; অন্যান্য Home Appliance এর ক্ষেত্রে প্রকৃত রেটিং অনুযায়ী লোড হিসাব করা হয়েছে।

৭.১.৪ Annexure-I Table 8.A.1 এ ভবনের ওয়্যারিং নিরাপদ করার লক্ষ্যে Flexible Wire এর স্ট্যান্ডার্ড সাইজ নির্ধারণের নিমিত্ত সুইচ/ সকেট লোডের ক্ষেত্রে Diversity Factor 66%, Cooking Appliance এর ক্ষেত্রে 10Amps+30% of full Load এবং Socket outlet এর ক্ষেত্রে 10Amps+5Amps ধরার কথা উল্লেখ রয়েছে।

৭.১.৫ একইভাবে Annexure-I Table 8.A.2 এ যেকোন লাইটিং আউটলেট এর ক্ষেত্রে সংযুক্ত লোড অথবা লোড সংযুক্ত না থাকলে প্রতি হোল্ডারের জন্য ন্যূনতম লোড ১০০ ওয়াট হিসাব করার কথা বলা হয়েছে। কিন্তু অধিকাংশ বাড়িতেই সংযোগ গ্রহণের পূর্বে সাধারণত কোন লাইট লোড সংযোজিত থাকেনা। ওয়্যারিং এর জন্য Flexible Wire নির্ধারণের Diversity ধরে লোড হিসাব করলে যেকোন ফ্ল্যাটের শুধুমাত্র লাইট লোড প্রায় ২ কিঃওঃ এর কাছাকাছি হয়ে যাবে।

৭.১.৬ প্রি-পেমেন্ট গ্রাহকের লোড রেকর্ড এবং বাস্তববতার আলোকে সামগ্রিক বিষয়টি পর্যালোচনা করে স্থাপিত সকল প্রকার সকেট লোড একত্রে ব্যবহৃত হবে না বিধায় 20% Diversity Factor বিবেচনায় নিয়ে ফ্ল্যাটের জন্য সম্ভাব্য লোড প্রস্তাব করা হয়েছে।

৭.২ লাইট এবং ফ্যান লোডঃ (Ref. BNBC-2020, Part- VIII, Chapter-1 Table-8.1.16) (কিঃওঃ)

লাইট লোড নিরূপণের জন্য সাধারণভাবে বেড, ড্রয়িং, ডাইনিং এ ১ টি ২০ ওয়াট ও ১ টি ১৪ ওয়াট এবং
কিচেন, বারান্দা, টয়লেট এ ৫ ওয়াট লাইট ধরা হয়েছে। প্রতিটি রুমে ১টি করে ৭৫ ওয়াট সিলিং ফ্যান ধরে হিসাব
করা হয়েছে।

ক্রমিক নং	ফ্ল্যাট সাইজ (বর্গফুট)	বেড-১		বেড-২		বেড-৩		বেড-৪		বেড-৫		ডাইনিং		ড্রয়িং		কিচেন	বারান্দা	টয়লেট	মোট লোড শুধুমাত্র লাইট ও ফ্যান)	মন্তব্য
		লাইট	ফ্যান	লাইট	ফ্যান	লাইট	ফ্যান	লাইট	ফ্যান	লাইট	ফ্যান	লাইট	ফ্যান	লাইট	ফ্যান	লাইট	লাইট	লাইট		
১	৭০০ বর্গফুট পর্যন্ত	২	১	২	১	০	০	০	০	০	০	ড্রয়িং কাম ডাইনিং বিবেচনায় ১ ফ্যান ২ লাইট		১	১	১			০.৩৪	
২	৭০১ হতে ৯০০	২	১	২	১	০	০	০	০	০	০	২	১	২	১	১	২	২	০.৪৬	
৩	৯০১ হতে ১০০০	২	১	২	১	২	১	০	০	০	০	২	১	২	১	১	২	২	০.৫৭	
৪	১০০১ হতে ১১০০	২	১	২	১	২	১	০	০	০	০	২	১	২	১	১	২	৩	০.৫৭	
৫	১১০১ হতে ১৩০০	২	১	২	১	২	১	০	০	০	০	২	১	২	১	১	২	৩	০.৫৮	
৬	১৩০১ হতে ১৫০০	২	১	২	১	২	১	০	০	০	০	২	১	২	১	১	৩	৪	০.৬৮	
৭	১৫০১ হতে ১৭০০	২	১	২	১	২	১	২	১	০	০	২	১	২	১	১	৩	৫	০.৮১	
৮	১৭০১ হতে ২০০০	২	১	২	১	২	১	২	১	০	০	২	১	২	১	১	৩	৫	০.৮১	
৯	২০০০ এর উপরে	২	১	২	১	২	১	২	১	২	১	২	১	২	১	১	৩	৫	০.৯২	

৭.৩ Socket ও আনুষঙ্গিক Electrical Home Appliance এর লোড (কিঃওঃ)

সকেট লোড নিরূপণের জন্য প্রতিটি ৩পিন সকেট ১৩০০, ২পিন সকেট ৩০০, টোস্টার ৮০০, রেফ্রিজারেটর
৩০০ এবং এয়ার কন্ডিশনার ১৩০০ ওয়াট ধরা হয়েছে।

Sl. No.	Flat Size	Socket Point Nos.		Refrigerator	Toaster	Air Con- ditioner	Diversity	Load (KW)
		3 pin (13 A)	2 pin (5 A)					
01	Upto 700	4	3	1	0	0	0.20	1.52
02	701 to 900	4	5	1	0	1		2.94
03	901 to 1000	4	6	1	1	1		3.30
04	1001 to 1100	3	6	1	1	2		4.84
05	1101 to 1300	5	7	2	1	2		5.72
06	1301 to 1500	6	10	2	1	3		7.46
07	1501 to 1700	7	15	3	1	4		9.62
08	1701 to 2000	11	19	3	1	4		10.90
09	Above 2000	15	22	4	1	5		13.73



৭.৪ ফ্ল্যাট সাইজ অনুযায়ী ন্যূনতম লোড (অনুচ্ছেদ ৭.২ ও ৭.৩ এর যোগফল) (কিঃওঃ)

ক্রমিক নং	ফ্ল্যাট সাইজ (বর্গফুট)	সকেট ও অনুযায়িক হোম এপ্লায়েন্স লোড (কিঃওঃ)	লাইট ও ফ্যান লোড (কিঃওঃ)	মোট লোড (কিঃওঃ)	নির্ধারিত লোড (কিঃওঃ)
১	২	৩	৪	৫=৩+৪	৬
১	৭০০ বর্গফুট পর্যন্ত	১.৫২	০.৩৪	১.৮৬	২
২	৭০১ হতে ৯০০	২.৯৪	০.৪৬	৩.৪০	৩
৩	৯০১ হতে ১০০০	৩.৩০	০.৫৭	৩.৮৭	৪
৪	১০০১ হতে ১১০০	৪.৮৪	০.৫৭	৫.৪১	৫
৫	১১০১ হতে ১৩০০	৫.৭২	০.৫৭	৬.২৯	৬
৬	১৩০১ হতে ১৫০০	৭.৪৬	০.৫৮	৮.০৪	৮
৭	১৫০১ হতে ১৭০০	৯.৬২	০.৬৮	১০.৩০	১০
৮	১৭০১ হতে ২০০০	১০.৯০	০.৮১	১১.৭১	১২
৯	২০০০ এর উপরে	১৩.৭৩	০.৯২	১৪.৬৫	১৫



নির্দিষ্ট কোন ফ্ল্যাট সাইজের ক্ষেত্রে মোট লোডের পরিমাণ মূল অংকের দশমিকের পর ০.৫ এর চেয়ে কম হলে মূল অংককে আর ০.৫ এর চেয়ে বেশী হলে মূল অংকের সাথে ১ বৃদ্ধি করে লোড নির্ধারণ করা হয়েছে।

৮.০ লোড অনুমোদনঃ

৮.১ ফ্ল্যাট সাইজ অনুযায়ী নিম্নোক্ত ছক অনুযায়ী ন্যূনতম লোড বরাদ্দ করা হবে (অনুচ্ছেদ ৭.৪ এর টেবিল)

ফ্লোর/ ফ্ল্যাট সাইজ (বর্গফুট)	ন্যূনতম নির্ধারিত লোড (কিঃওঃ)
৭০০ পর্যন্ত	২
৭০১ হতে ৯০০ পর্যন্ত	৩
৯০১ হতে ১০০০ পর্যন্ত	৪
১০০১ হতে ১১০০ পর্যন্ত	৫
১১০১ হতে ১৩০০ পর্যন্ত	৬
১৩০১ হতে ১৫০০ পর্যন্ত	৮
১৫০১ হতে ১৭০০ পর্যন্ত	১০
১৭০১ হতে ২০০০ পর্যন্ত	১২
২০০০ বর্গফুট এর উপর	১৫

বিঃদ্রঃ ফ্ল্যাট সাইজ এর ভিত্তি করে উপরোক্ত ছক অনুযায়ী লোড নিরূপন করা হবে। তবে কোন আবেদনকারী অধিক লোডে সংযোগ নিতে আগ্রহী হলে সেক্ষেত্রে আবেদনকারীর চাহিদামতে লোড অনুমোদন প্রদান করা হবে।



৮.২ Lift ও কমন লোড (কিঃওঃ)

ক্রঃ নং	ভবনের উচ্চতা (তলা)	কমন লোড (লাইট, ফ্যাগ, পানির পাম্প ইত্যাদি) (কিঃওঃ)	লিফট লোড (ম্যানুফেকচারিং ক্যাটালগ অনুযায়ী/নিম্নোক্ত)		মোট কমন লোড (কিঃওঃ)	
			লিফটের সংখ্যা (*১)	লোড (কিঃওঃ)	লিফট ব্যতিত	লিফটসহ
১	৬ তলা পর্যন্ত	২	১	৬	২	৮
২	৭ হতে ১০ তলা	৪	১	৮	৪	১২
৩	১০ তলার অধিক	৬	১	১০	৬	১৬

*১- লিফটের সংখ্যা একাধিক হলে সংখ্যা অনুযায়ী হিসাব করে কমন লোড নিরূপন করা হবে।

➤ ভবনে কোন সভাকক্ষ থাকলে সভাকক্ষের লোড নিরূপন করতঃ লিফট ও অন্যান্য লোডের সাথে উক্ত লোড যোগ করে কমন লোড নিরূপন করা হবে।

➤ কোন স্থাপনার অনুমোদিত লোড হবে অনুচ্ছেদ ৮.১ ও ৮.২ অনুযায়ী নিরূপিত মোট লোড।

৯.০ লোড অনুমোদন প্রদান ক্ষমতাঃ

ক্রঃনং	পদবী	অনুমোদন ক্ষমতা
১	নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ	৫০ কিঃওঃ পর্যন্ত
২	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংশ্লিষ্ট সার্কেল)	৫১ থেকে ২০০ কিঃওঃ পর্যন্ত
৩	প্রধান প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (সংশ্লিষ্ট জোন)	২০১ থেকে ৫০০ কিঃওঃ পর্যন্ত
৪	নির্বাহী পরিচালক (অপারেশন)	৫০১ থেকে ৫০০০ কিঃওঃ পর্যন্ত
৫	ব্যবস্থাপনা পরিচালক	৫ মে: ওয়াট এর উর্দে

১০.০ লোড রি-এসেসমেন্ট এর জন্য আবেদনঃ


কোন আবেদনকারীর নিকট তার আবেদনের বিপরীতে অনুমোদিত লোড প্রকৃত লোডের চেয়ে বেশী ধরা হয়েছে বলে মনে হলে তিনি লোড রিভিউ (হাস) করার জন্য আবেদন করতে পারবেন। তবে শুধুমাত্র অনুমোদিত লোডের পরিমাণ ফ্লোর/ ফ্ল্যাট সাইজ অনুযায়ী ধার্যকৃত লোডের চেয়ে বেশী হলেই লোড রিভিউ এর আবেদন বিবেচিত হবে।

তবে অধিকতর যাচাই সাপেক্ষে প্রকৃত লোডে সংযোগ পাওয়ার নিমিত্ত আবেদনকারী নির্বাহী পরিচালক (অপারেশন) অথবা ব্যবস্থাপনা পরিচালক বরাবর আবেদন করতে পারবেন।

১১.০ বিরূপ মনোভাবের/ অভিযোগ নিষ্পত্তিঃ

কোন আবেদনকারী অনুমোদিত লোডের বিষয়ে ভিন্নমত পোষন করলে পূনঃ পরিদর্শনের জন্য তিনি সর্বোচ্চ ১ বার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (জোন) বরাবর লিখিত আবেদন করতে পারবেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সার্কেল) আবেদনটি যাচাইয়ের ব্যবস্থা নিবেন অথবা বিক্রয় ও বিতরণ বিভাগের নির্বাহী প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন। নির্বাহী প্রকৌশলী পূর্বে পরিদর্শনকারীর কমপক্ষে ১ ধাপ উপরের কর্মকর্তা দিয়ে গ্রাহক/ উপযুক্ত প্রতিনিধির উপস্থিতিতে পরিদর্শন করানোর ব্যবস্থা নিবেন এবং পরিদর্শন প্রতিবেদনে উপস্থিত প্রতিনিধির স্বাক্ষর (পূর্ণ নাম) গ্রহন করবেন।







১২.০ বিবিধ শর্তাবলীঃ

১২.১ RMU স্থাপন:

১০০০ কিঃওঃ এর অধিক লোড সংযোগের ক্ষেত্রে আবেদনকারীর আঞ্জিনায় RMU স্থাপন করতে হবে। এক্ষেত্রে বিদ্যমান *Policy Guideline on Creating Facilities of Electrical Distribution Lines Clause-5.0 (a)(2)* এবং সময় সময় ডেসকো কর্তৃক সংশোধিত Policy অনুসৃত হবে।

১২.২ Load Retension:

কোন আবেদনকারীর ২৫০ কিঃওঃ এবং তদুর্ধ্ব লোডের প্রয়োজন হলে কোন সময় কি পরিমাণ লোডের প্রয়োজন হবে তা উল্লেখপূর্বক স্থাপনার নির্মাণ কাজ শুরুর পূর্বেই লোডের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। এক্ষেত্রে বিদ্যমান *Policy Guideline on Creating Facilities of Electrical Distribution Lines Clause - 6.0* এবং সময় সময় ডেসকো কর্তৃক সংশোধিত Policy অনুসৃত হবে।

১২.৩ কারিগরী সীমাবদ্ধতা:

লোড অনুমোদন প্রদানে কারিগরী সীমাবদ্ধতা থাকলে, সীমাবদ্ধতার বিষয় এবং সমাধানের সম্ভাব্য সময় উল্লেখ করে আবেদনকারীকে লিখিতভাবে জানাতে হবে।

১২.৪ পূর্বের বকেয়া পরিশোধ

কোন স্থাপনা/ স্পট/ হোল্ডিং নাম্বার এ নতুন সংযোগ/ লোড বৃদ্ধির আবেদন করার পূর্বে বিদ্যমান সংযোগের বিপরীতে সমুদয় বকেয়া পরিশোধ করতে হবে।

১২.৫ একাধিক মালিকানার ক্ষেত্রে

১টি স্থাপনায় একাধিক মালিকানা থাকলে একই সার্ভিসড্রপ এবং ১টি মেইন মিটারের আওতায় পৃথক মিটারে ও পৃথক হিসাব নম্বরে বিদ্যুৎ সংযোগ প্রদান করা যাবে।

১২.৬ প্রয়োজ্য ক্ষেত্রে আবেদনকারী তার স্থাপনায় RMU, মিটার ও বিদ্যুৎ পরিমাপের টেলি-কমিউনিকেশন ডিভাইস স্থাপনের সুযোগ দিতে বাধ্য থাকবেন।

১২.৭ বিশেষ পরিস্থিতিতে প্রয়োজন অনুযায়ী নতুন সংযোগ সম্পর্কিত বোর্ডের সিদ্ধান্ত দ্বারা অত্র নীতিমালার পরিবর্তন/ পরিবর্ধন/ সংশোধন করা যাবে।



Annexure-I

Appendix A: Maximum Demand and Diversity

Table 8.A.1: Allowances for Diversity

Purpose of final circuit fed from conductors or switchgear to which diversity applies	Type of Premises		
	Individual household installations, including dwellings of a block	Small shops, stores, offices and business premises	Small hotels, boarding houses, guest houses, etc.
1. Lighting	66% of total current demand	90% of total current demand	75% of total current demand
2. Cooking appliances	10 amperes + 30% f.l. of connected cooking appliances in excess of 10 amperes + 5 amperes if socket outlet is incorporated in unit.	100% f.l. of largest appliance + 80% f.l. of 2nd largest appliance + 60% f.l. of remaining appliances	100% f.l. of largest appliance + 80% f.l. of 2nd largest appliance + 60% f.l. of remaining appliances
3. Motors (other than lift motors which are subject to special consideration)	—	100% f.l. of largest motor + 80% f.l. of 2nd largest motor + 60% f.l. of remaining motors	100% f.l. of largest motor + 50% f.l. of remaining motors.
4. Water heater (thermostatically controlled)	No diversity allowable		

Table 8.A.2: Current Demand to be Assumed for Points of Utilization and Current using Equipment

Point of Utilization or Current-using Equipment	Current Demand to be Assumed
15 A socket outlets	15 A with diversity applied
13 A socket outlets	13 A with diversity applied
5 A socket outlets	At least 0.5 A
Protected outlets other than the above mentioned socket outlets Rated current	
Lighting outlet	Current equivalent to the connected load, with a minimum of 100 W per lamp holder
House hold cooking appliance	The first 10 A of the rated current plus 30% of the remainder of the rated current plus 5 A if a socket outlet is incorporated in the control unit
All other stationary equipment / Appliances	Standard rated current or nominal current.

